DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Sep 2026, 12:35 PM

জাতীয়

# জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক যাচ্ছেন প্রধানমন্ত্রী; প্রবাসীদের ব্যাপক প্রস্তুতি

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক
প্রকাশের তারিখ: সোমবার, ১৪ সেপ্টেম্বর ২০২৬, ০১:০২ PM




জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্র সফরে যাচ্ছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। সরকারপ্রধানের এই সফরকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশি ও রাজনৈতিক নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা লক্ষ করা গেছে। নিউ ইয়র্ক থেকে ভার্জিনিয়া-সর্বত্রই এখন সফরের প্রস্তুতিমূলক নানা তৎপরতা চলছে।

আগামী ২১ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর নিউ ইয়র্কে পৌঁছানোর কথা রয়েছে। সফরটি ঘিরে প্রবাসী বাংলাদেশিদের পাশাপাশি দলের সমর্থকেরা বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাতে স্বতঃস্ফূর্ত প্রস্তুতি নিচ্ছেন। সফর সফল করতে যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে বিএনপি ও এর সহযোগী সংগঠনগুলো ধারাবাহিকভাবে কর্মী সভা ও প্রস্তুতিমূলক বৈঠক পরিচালনা করছে। কোথাও স্বাগত মিছিল, কোথাও কর্মীসভার আয়োজন। কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা এসব কর্মসূচিতে অংশ নিয়ে দলীয় নেতাকর্মীদের সর্বাত্মক প্রস্তুতি নেয়ার আহ্বান জানাচ্ছেন।

বিএনপির জাতীয় নির্বাহী কমিটির আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আনোয়ার হোসেন খোকন বলেন, ইতিমধ্যে আমি ব্যক্তিগতভাবে নিউ

ইংল্যান্ড বিএনপিতে কর্মী সভা করেছি। সেখানে নেতাকর্মী অত্যন্ত উৎসাহিত।

যুবদল কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি আবু সাইদ আহমদ বলেন, অধীর আগ্রহে অপেক্ষা করছি জনাব তারেক রহমান সাহেব আসবেন। এই প্রবাসের বাংলাদেশীরা তাকে বরণ করে নিবেন একজন নির্বাচিত সরকার প্রধান হিসেবে। উনি যখন আসবেন জেএফকে বিমানবন্দরে আমরা সহ শুধু বিএনপি শুধু নয়, পুরো বাংলাদেশিরা, যারা প্রবাসী বাংলাদেশী রয়েছেন, তারা সবাই জেএফকে বিমানবন্দরে যাওয়ার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।

বিমানবন্দর থেকে শুরু করে প্রধানমন্ত্রী যেখানেই অবস্থান করবেন, সেখানেই রাজকীয় সংবর্ধনা দেয়ার প্রস্তুতি নিচ্ছেন প্রবাসী নেতাকর্মীরা। কেবল সংবর্ধনাই নয়, জাতিসংঘের সদর দপ্তরের সামনে ভাষণের দিন বিশাল শান্তি সমাবেশের ডাক দিয়েছে যুক্তরাষ্ট্র বিএনপি।

বিএনপির নিউজার্সি নর্থের সভাপতি সৈয়দ জুবায়ের আলী বলেন, অবশ্যই আমরা নিউ জার্সি থেকে যাচ্ছি। আগামী ২১ তারিখে এয়ারপোর্টে যাব। 24 তারিখে যেটা জাতিসংঘের সামনে আমরা শান্তি সমাবেশ করবো, সেখানে নিউ জার্সি থেকে আমরা প্রচুর লোক নিয়ে যাব। আমরা সবসময় গিয়ে থাকি। আর পাশাপাশি ২৫ তারিখে উনার যে সংবর্ধনা হবে, সেখানেও আমাদের আমন্ত্রণ আছে।

নেতাকর্মীদের মাঝেও উদ্দীপনার কমতি নেই। দীর্ঘদিন পর প্রিয় নেতাকে সামনে থেকে একনজর দেখতে অধীর আগ্রহে অপেক্ষা করছেন তারা।

তারেক রহমানের যুক্তরাষ্ট্র সফর ঘিরে প্রবাসী নেতাকর্মীদের মাঝে যে উচ্ছ্বাস দেখা যাচ্ছে, তা কেবল একটি রাজনৈতিক অভ্যর্থনা নয়; বরং নতুন বাংলাদেশের প্রতি তাদের অবিচল আস্থারই এক বড় বহিঃপ্রকাশ।

---

## এ বিভাগের আরও খবর




**সাত ধাপে নভেম্বরের মাঝামাঝিতে শুরু হবে স্থানীয় সরকার নির্বাচন: ইসি**
স্থানীয় সরকার নির্বাচনের প্রথম ধাপের ভোট আগামী ১২ নভেম্বর অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার (ইসি) অবসরপ্রাপ্ত ব্রিগেডিয়ার জেনারেল...




**শিল্পকারখানায় আগামীকাল থেকে বিদ্যুৎ-গ্যাস সরবরাহ বাড়ানোর আশ্বাস প্রধানমন্ত্রীর**
শিল্পকারখানায় বিদ্যুৎ ও গ্যাসের সরবরাহ পরিস্থিতি মঙ্গলবার (১৫ সেপ্টেম্বর) থেকে উন্নত হবে বলে ব্যবসায়ী নেতাদের আশ্বস্ত করেছেন প্রধানমন্ত্রী ত...



**খাগড়াছড়িতে সেনাবাহিনীর বিনামূল্যে চিকিৎসাসেবা, উপকৃত ৮৬১ রোগী**
দুর্গম পার্বত্য অঞ্চলের মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে খাগড়াছড়ি জেলা সদর হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা দিয়েছে বাংলাদেশ সেনাবাহিনী। এ...



**ডেঙ্গু প্রতিরোধে সপ্তাহে অন্তত এক ঘণ্টা সময় দিতে হবে: প্রধানমন্ত্রী**
রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় তিন মাসব্যাপী ডেঙ্গু প্রতিরোধ ও পরিচ্ছন্নতা অভিযান-২০২৬ উদ্বোধন করেছ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন:

https://www.dhakaprobe.com/national/jatisnggh-odhibeshne-jog-dite-niuiyrk-jachchhen-prdhanmntri-prbasider-bjapk-prstuti